EIIN : 105061
NU Code : 4334

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
স্থাপিত: ১৯৪৯, থানা/উপজেলা: সাতকানিয়া, ডাকঘর: সাতকানিয়া (৪৩৮
EIIN: 105061 ফোন: ০২৩৩৪-৪৫৮৪১৬, মোবাইল: ০১৩০৯১০৫০৬
satkaniagovt.college@yahoo.com www.satkaniagovtcollege.edu.bd




তারিখ: ১৬/০৯/২০২৬ খ্রি.

## ২০২৫ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

| বিভাগ ও ফিসের পরিমাণ | | |
|---|---|---|
| নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী | | গ্রেড উন্নয়ন |
| গণিত | ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা | |
| ৩২২৫/- | ৩০৫০/- | ১৪০০/- (০১ পত্র) |
| বি. দ্র. গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমে উল্লেখিত টাকার সাথে কেন্দ্র ফি এবং ব্যবস্থাপনা ফি বাবদ ৫০০/- টাকা যোগ করে জমা দিতে হবে। | | |

| | | |
|---|---|---|
| অনলাইনের মাধ্যমে টাকা প্রদানের তারিখ | : | **২০.০৯.২০২৬ --- ২২.০৯.২০২৬** |
| আবেদন ফরম এবং পে-স্লিপ জমাদানের তারিখ ও স্থান | : | **২৩.০৯.২০২৬ তারিখ, বুধবার, স্ব স্ব বিভাগ** |
| টাকা জমাদানের লিংক | : | https://app.academyims.com/open-payment/10012 এর মাধ্যমে ফরম পূরণের ফি অবশ্যই অনলাইনে প্রদান করতে হবে। (ফি প্রদানের নিয়মাবলী নিম্নে সংযুক্ত করা হলো।) |
| ***অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে ২৩.০৯.২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণ করতে হবে এবং ২৪.০৭.২০২৬ তারিখ হতে ফি প্রদান করা যাবে।** | | |

****নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**
২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

****অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**
২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৮-২০১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২০২২) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২১,২০২২, ২০২৩ ও ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশ গ্রহণ করবে।

****গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:**
ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৮-২০১৯, ২০১৯-২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন ০২ (দুই) কোর্সে ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে এবং ফলাফল যাই হোক না কেন A- গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।
খ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৫ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

**ফরম পূরণের সময় শর্তাবলী:**
১। আবেদনকারীদেরকে অনলাইনে ফরম পূরণ করতে হবে।
২। পূরণকৃত অনলাইন ফরম সাথে নিয়ে আসতে হবে।
৩। সোনালী সেবা অথবা বিকাশের মাধ্যমে ফি প্রদানের ডাউনলোডকৃত পেমেন্ট স্লিপ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।


প্রফেসর আবু রায়হান মো: আশিকুর রহমান
আইডি নং- ১৫৩৪
অধ্যক্ষ
সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

**অনুলিপি:**
১। উপাধ্যক্ষ।
২। বিভাগীয় প্রধান (সকল অনার্স বিভাগসমূহ)।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ।
৪। নোটিশ বোর্ড/অফিস নথি।


# স্নাতক (সম্মান) ৩য় বর্ষের নিয়মিত শিক্ষার্থীদের অনলাইন পেমেন্টের নিয়মাবলী:

- পেমেন্ট করতে https://app.academyims.com/open-payment/10012 লিংকে প্রবেশ করতে হবে।
- প্রদর্শিত ড্যাশবোর্ডে যথাযথ তথ্য দিয়ে **Student ID** এর স্থলে প্রতিষ্ঠানের ১৩ ডিজিটের **Class Roll** টাইপ করে **Search** অপশনে ক্লিক করে এবং **Mobile Number** ইনপুট দিয়ে পরবর্তী ধাপের কাজ সম্পন্ন করতে হবে। **অনিয়মিত শিক্ষার্থীরা** **Student ID** স্থলে তাদের স্ব স্ব রেজিস্ট্রেশন নাম্বার প্রদান করে ফি প্রদান করবে।

| নিয়মিত শিক্ষার্থীদের ক্লাস রোল উদাহরণস্বরূপ : | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | বিষয় | রোল নং | ক্রমিক | বিষয় | রোল নং |
| ১ | ইংরেজি | ২২০২২২৩১১০০০১ | ৫ | হিসাববিজ্ঞান | ২২০২২২৩২৫০০০১ |
| ২ | ইতিহাস | ২২০২২২৩১৫০০০১ | ৬ | ব্যবস্থাপনা | ২২০২২২৩২৬০০০১ |
| ৩ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ২২০২২২৩১৬০০০১ | ৭ | গণিত | ২২০২২২৩৩৭০০০১ |
| ৪ | রাষ্ট্রবিজ্ঞান | ২২০২২২৩১৯০০০১ | | | |




- পরবর্তীতে প্রদর্শিত ড্যাশবোর্ডে **Mobile Number** ইনপুট দিয়ে এবং **Fee Head** সিলেক্ট করে **Pay Now** অপশনে ক্লিক করুন।




- **Pay Now** অপশনে ক্লিক করার পর **Sonali Payment Gateway অথবা Bkash Select** করে পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করুন।

- **কোনো শিক্ষার্থীর তথ্যে গড়মিল দেখা দিলে ফি প্রদান না করে কলেজ অফিস যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।**

- পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।